চুয়াডাঙ্গায় সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ব্যবসায় উন্নয়ন কর্মশালা

ইসলামী শরিয়াহ্ মোতাবেক পরিচালিত জীবন বীমা কোম্পানি সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ব্যবসায় উন্নয়ন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সদরের ঝিনাইদহ বাস টার্মিনাল সংলগ্ন চেম্বার অব কমার্স ভবনে আজ সোমবার সকাল থেকে এই উন্নয়ন কর্মশালার উদ্বোধন করা হয়।

ব্যবসায় উন্নয়ন কর্মশালার চুয়াডাঙ্গা সেলস অফিসের ব্রাঞ্চ ম্যানেজার মোঃতরিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা মীর রাশেদ বিন আমান।

চুয়াডাঙ্গায় সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের চুয়াডাঙ্গা সেলস অফিসের ব্রাঞ্চ ম্যানেজার তরিকুল ইসলামের টিমের সদস্যের নিয়ে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের সহকারী বিক্রয় ব্যবস্থাপক অনূপম দাস।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলেন চুয়াডাঙ্গা সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ইউনিট ম্যানেজার মোঃরাসেল হাসান নয়ন, এরফান উদ্দিন ইভেন, নাজমুস সাকিব, মোহাম্মদ আলী, অনিকুজ্জামান,মেহেদী হাসান, ইখলাস হোসেন,অনিক মাহাবুব, আইনূর নাহার বিথী,সিফাত মাহমুদা কানন, স্বপ্নাজ খাতুন।

অনুষ্ঠানটি প্রাণবন্ত সঞ্চালনার দায়িত্বে ছিলেন ঝিনাইদহ মেট্রো ইউনিটের ম্যানেজার সাকিব মোহাম্মদ আল হাসান।

চুয়াডাঙ্গায় নানা আয়োজনে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস পালিত

আমরা সকল কাজই আন্তরিক ভাবে করি এই প্রতিপাদ্য চুয়াডাঙ্গায় নানা আয়োজনের মধ্যে দিয়ে বিশ্ব রেড ক্রস ও রেড ক্রিসেন্ট দিবস পালিত হয়েছে।

এই দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিটের আয়োজনে আজ সোমবার সকাল সাড়ে নয়টার সময় রেড ক্রিসেন্ট চক্ষু হাসপাতাল চত্বরে জাতীয় পতাকা ও রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলনের মধ্য অনুষ্ঠানের সূচনা হয়। পতাকা উত্তোলন পর চুয়াডাঙ্গা জেলা রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিটের আয়োজনে একটি বর্ণাঢ্য র্যালি আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিটের ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট সোহরাব হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১-আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দার ছেলুন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,এবারের প্রতিপাদ্য আমাদেরকে মনে করিয়ে দেয় বিশ্বব্যাপী এই আন্দোলনের সাথে সম্পৃক্ত স্বেচ্ছাসেবক ও কর্মীদের অবদানের কথা, বিশ্বের বিপদাপন্ন ও অসহায় মানুষের জন্য তাদের ত্যাগ ও ভালোবাসার কথা।

রেড ক্রস এবং রেড ক্রিসেন্ট স্বেচ্ছাসেবকরা বিশ্বের ১৯২টিরও বেশি দেশে অবিরাম কাজ করে যাচ্ছেন। ভয়াবহ করোনার ভিতরের প্রথম সারির সেচ্ছাসেবক হিসেবে কাজ করেছে রেড ক্রিসেন্টের সদস্যরা

বর্ণাঢ্য র্যালি শেষে চুয়াডাঙ্গা জেলা রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিটের আয়োজনে কেক কাটা অনুষ্ঠিত হয়।

কেক কাটা শেষে চুয়াডাঙ্গা ১-আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দার ছেলুন কে আজীবন সম্মাননা দেওয়া হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিটের সেক্রেটারি শহিদুল ইসলাম শাহান, কার্যকরী সদস্য এ্যাডভোকেট শাহাজান মুকুল, কার্যকরী সদস্য আসাদুজ্জামান কবির,এ্যাডভোকেট সেলিম, চুয়াডাঙ্গা রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিটের যুব প্রধান শাহীন হোসেন প্রমুখ।

চুয়াডাঙ্গায় গৃহস্থালির আর্বজনা সংগ্রহের জন্য ভ্যান কার্যক্রমের উদ্বোধন

চুয়াডাঙ্গায় গৃহস্থালির আর্বজনা সংগ্রহের জন্য ভ্যান কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।চুয়াডাঙ্গা পৌরসভার ৩ ও ৯ নং ওয়ার্ডের বাসা বাড়ির গৃহস্থালির উচ্ছিষ্ট আর্বজনা সংগ্রহের জন্য ভ্যান কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। রোববার সকাল ১১টায় চুয়াডাঙ্গা সরকারি কলেজের কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে এ কার্যক্রমের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এসময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, গৃহস্থালির ময়লা ব্যবস্থাপনা পৌরসভার জন্য গুরুত্বপূর্ণ বিষয়। আমাদের চুয়াডাঙ্গায় আজ থেকে সুন্দর একটি কার্যক্রম শুরু হচ্ছে। মাননীয় প্রধানন্ত্রী যে স্মার্ট বাংলাদেশের ঘোষণা দিয়েছেন, তা বাস্তবায়নে পরিচ্ছন্ন জেলা প্রয়োজন। আমি আশা করবো, ধিরে ধিরে প্রত্যেকটা ওয়ার্ডে এটি চালু হবে। জেলার সব পৌরসভা ও প্রতিষ্ঠানে এটি বাস্তবায়ন হবে। এর মধ্যমেই আমরা একটি পরিচ্ছন্ন, পরিষ্কার ও চমৎকার চুয়াডাঙ্গা উপহার দিবো।

চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র জাহাঙ্গির আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. একেএম সাইফুর রশিদ, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আলামিন, সাধারণ সম্পাদক রাজিব হাসান কচি, বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ। অনুষ্ঠানটি পরিচালনা করেন চুয়াডাঙ্গা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক ইসলাম রাকিব।

অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন, ৩ নং ওয়ার্ড কাউন্সিলর মহলদার ইমরান, ৯নং ওয়ার্ড কাউন্সিলর কামরুজ্জামান চাঁদ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. একেএম সাইফুর রশিদ বলেন, এই শুরুটা সরকারি কলেজ থেকে শুরু হওয়ায় আমি আনন্দিত। আমরা পরিশুদ্ধ মানুষ হতে চাই। ড্রেননগুলো একটু পরিষ্কার করার জন্য অনুরোধ জানাবো।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও চুয়াডাঙ্গা পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা শামিম ভূইয়া জানান, জেলা প্রশাসক স্যার আসার পর বার বার তাগিদ দিয়েছেন। এই জেলার উন্নয়নে আমরা পাইলট প্রকল্প হিসেবে চুয়াডাঙ্গা পৌরসভার দুটি ওয়ার্ডে এ কার্যক্রমের উদ্বোধন করছি। মাসে ৫০ টাকায় সপ্তাহে ৬দিন ময়লা আর্বজনা সরবরাহ করা হবে। সেই ময়লা চুয়াডাঙ্গা পৌরসভার ডাম্পিং স্টেশনে নেয়া হবে। আমরা চমৎকার চুয়াডাঙ্গার প্রত্যাশায় আছি।

এসময় চুয়াডাঙ্গা পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর, প্রকৌশলী ও কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

১৫ মাস কারাভোগ শেষে নিজ দেশে ফিরলেন ভারতীয় নাগরিক

বাংলাদোশে অবৈধ অনুপ্রবেশের দায়ে কারাভোগ শেষে দর্শনা সীমান্ত দিয়ে নিজ দেশ ভারতে ফিরলেন ভারতীয় নাগরিক।

অবৈধ অনুপ্রবেশকারী ভারতের নদীয়া জেলার চাপড়া থানার ব্রক্ষমনগর

গ্রামের সাত্তার শেখের ছেলে নাসির শেখ(৪৫)।

আজ শনিবার বেলা সাড়ে ১১টায় দর্শনা আন্তর্জাতিক চেকপোস্টে বাংলাদেশের বিজিবি -ভারতের বিএসএফ পতাকা বৈঠকের মাধ্যমে তাকে তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

জানাগেছে, ভারতীয় নাগরিক বাংলাদেশের মেহেরপুর জেলার আনন্দবাস গ্রামের মাঠ থেকে গতবছরের ৭ফ্রেব্রুয়ারি অবৈধ অনুপ্রবেশের দায়ে বাংলাদেশ বর্ডারগার্ড ৬ ব্যাটালিয়নের সদস্যরা তাকে আটক করে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং-৫। এরপর আদালত তাকে দুইমাসের কারাদণ্ড প্রদান করে। দুইমাসের কারাভোগ আর ১বছর আগে শেষ হলেও দুদেশের কাগজপত্র তৈরীর কারণে তাকে আরো ১৩ মাস মেহেরপুর জেলা কারাগারে বন্দি থাকেন। ১৫ মাসের কারাভোগ শেষে তাকে গতকাল শনিবার দর্শনা চেকপোস্ট দিয়ে তার ভাই সিরাজ শেখ ও তার গ্রামের মেম্বার সফি উদ্দিন শেখের কাছে হস্তান্তর করা হয়।

এসময় বাংলাদেশ ও ভারত উভয় দেশের প্রতিনিধি দলের সমন্বয়ে বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন দর্শনা চেকপোস্টের ইমিগ্রেশন ইনচার্জ এসআই মোঃ আবু নাঈম, দর্শনা থানার এস আই টিপু সুলতান, বিজিবির দর্শনা আইসিপি ক্যাম্প কমান্ডার নায়েব সুবেদার আব্দুল জলিল, মানবাধিকার কর্মী মোঃ জাহাঙ্গীর আলম এবং ভারতের পক্ষে উপস্থিত ছিলেন কৃষ্ণগঞ্জ থানার সাব ইন্সপেক্টর উত্তম কুমার সরকার, গেদে বিএসএফ ক্যাম্প কমান্ডার শ্রী নাগেন্দ্র পাল, গেদে ইমিগ্রেশন ইনচার্জ গোপাল চন্দ্র দে,গেদে কাস্টমস অজয় নারায়ন রায়,ডিআইবি কৃষ্ণগঞ্জ থানা এস আই বাসুদেব ঘোষ,মানবাধিকার কর্মী চিত্তরঞ্জন পাল প্রমুখ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সকল সদস্যের পদমর্যাদা ভিত্তিক

প্রশিক্ষণের উদ্বোধন

চুয়াডাঙ্গায় বাংলাদেশ পুলিশের সকল সদস্যের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণের আওতাভুক্ত নায়েক ও কনস্টেবলদের দক্ষতা উন্নয়ন কোর্স-এর ১০ম ব্যাচের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা পুলিশ আব্দুল্লাহ্ আল- মামুন।

বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন, বিপিএম (বার), পিপিএম সার্বিক নির্দেশনায় বাংলাদেশ পুলিশের ১০৫টি ভেন্যুতে সকল পদমর্যাদার সদস্যদের নিয়ে শনিবার সকাল সাড়ে দশটার সময় ১০ম ব্যাচের সপ্তাহ ব্যাপি পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণ শুরু হয়।

পুলিশ সুপার প্রশিক্ষনার্থীদের উদ্দেশ্য পোষাকের মর্যাদা, সৌজন্যতা ও মার্জিত আচরণ, সহকর্মী ও সেবা প্রত্যাশীদের সাথে পেশাগত আচরণ ও করণীয় বর্জনীয় সম্পর্কে আলোকপাত করেন।

উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃআবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, চুয়াডাঙ্গা সহকারি পুলিশ সুপার (শিক্ষানবিশ) এইচ এম গোলাম রাব্বি, আমিনুল ইসলাম, আরআই, পুলিশ লাইন্স, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ইনসার্ভিস ট্রেনিং সেন্টারের প্রতিনিধিসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার প্রশিক্ষণার্থী পুলিশ সদস্যগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার ডুগডুগী বাজারে বালুভর্তি ট্রাকে প্রাইভেট কারের ধাক্কা ; আহত ১

দামুড়হুদা ডুগডুগী বাজারে বালুভর্তি ট্রাকের পেছনে গভীররাতে প্রাইভেট কারের ধাক্কায় আহত হয়েছেন ১ জন।

শনিবার দিবাগত রাত ৩টার দিকে রাস্তার উপর দাড়িয়ে থাকা বালুভর্তি ট্রাকের পেছনে এসে সরাসরি ধাক্কা দিলে এই দূর্ঘটনা ঘটে। আহত ব্যক্তি হলেন দামুড়হুদা উপজেলার দর্শনা পুরাতন বাজার পাড়ার মৃত ইমরান খান এর ছেলে মোঃ রানা খান (৩৯)।

স্থানীয় ও পুলিশ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগি বাজার পশুরহাটের সামনে পাকা রাস্তার উপর একটি বালুভর্তি ট্রাক যান্ত্রিক ত্রুটির কারণে সিগনাল জ্বালিয়ে আগে থেকেই দাড়িয়ে ছিলো। শনিবার রাত আনুমানিক ৩ টার দিকে দামুড়হুদা থেকে প্রাইভেট কারটি দর্শনার দিকে যাচ্ছিল। এমতাবস্থায় ডুগডুগি বাজারে পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে বালু ভর্তি ট্রাকের পিছনে প্রাইভেট কার টি সজরে ধাক্কা মারে। সাথে সাথে প্রাইভেট কার টি দুমড়ে মুছরে যায়।

সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শফিকুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করেন। পুলিশ ও ডুগডুগি বাজারের নাইটগার্ড সহ স্থানীয় লোকজন আহত প্রাইভেট কারের ড্রাইভার রানা’কে উদ্ধার পূর্বক চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। আহত ব্যক্তি এখন চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে। বালু ভর্তির ট্রাক এবং প্রাইভেটকারটি দামুড়হুদা মডেল থানা পুলিশের হেফাজতে রয়েছে।

দামুড়হুদা মডেল থানার ওসি (তদন্ত) শফিকুল ইসলাম বলেন, প্রাইভেট কারটি পিছন থেকে এসে বালু ভর্তি মেন রাস্তায় দাঁড়িয়ে থাকা ট্রাকের পিছনে এসে সজোরে ধাক্কা মারে। রাতেই পুলিশ ঘটনাস্থলে এসে দ্রুত আহতকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করেন। এখনো পর্যন্ত কেউ কারো নামে কোন অভিযোগ করেনি।

চুয়াডাঙ্গার খাট থেকে পড়ে ৪ মাস বয়সের শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী গ্রামে ঘুমের মধ্যে খাট থেকে পড়ে ৪ মাস বয়সের সোলাইমান মন্ডল নামে এক শিশুর মৃত্যু হয়েছে।

শুক্রবার বিকেল ৩ টার সময় জীবনগর উপজেলার উথলী গ্রামের ঘোড়ামারা রেলগেটে এ ঘটনা ঘটেছে। নিহত সোলাইমান মন্ডল উথলী গ্রামের সাইফুল ইসলামের একমাত্র ছেলে।

স্থানীয়রা জানান, গতকাল শুক্রবার দুপুরে সোলাইমান মন্ডল তার দাদা ফজলুর হকের সাথে খাটের উপর ঘুমাচ্ছিলো। ঘুমের মধ্যে শিশু সোলাইমান মন্ডল খাটের উপর থেকে ঘরের মেঝেতে পড়ে যায়। এতে শিশুটির মাথায় প্রচণ্ড আঘাত লাগে। শিশুটিকে দ্রুত উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে তার শারিরীক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য শিশুটিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার করা হয়। বিকেল ৪ টার সময় চুয়াডাঙ্গা হাসপাতালে নেওয়ার পথে শিশুটির মৃত্যু হয়েছে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নাসির উদ্দিন মৃধা জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এই মর্মান্তিক দৃর্ঘটনায় মৃত্যর কারনে পরিবারসহ গ্রাম জুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সাংগঠনিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা উপজেলা ডাক বাংলা চত্বরে আলোচনা সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সভাপতি সহিদুল আলম।

আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাতীয় পাটির যুগ্ম সাধারণ সম্পাদক আঃ লতিফ এলকিন। বিশেষ অতিথি ছিলেন টাঙ্গাইল জেলা জাতীয় পার্টির যুগ্ন সাধারণ সম্পাদক খতিব আলি, চুয়াডাঙ্গা জেলা কৃষক পাটির সভাপতি আবু জাফর, দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সাধারণ সম্পাদক হাজী জামাল উদ্দীন, চুয়াডাঙ্গা জেলা ছাত্র সমাজের যুগ্ম আহ্বায়ক নাইম হোসেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি আশরাফ মল্লিক, সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, জুড়ানপুর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জামাল হোসেন, জাতীয় পাটির নেতা আশরাফুল হক প্রমুখ।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির যুগ্ম সাধারণ সম্পাদক সহিদ আজম সদু।

কার্পাসডাঙ্গা কোমরপুরে পুলিশের অভিযানে ৫১ পিচ ইয়াবাসহ ২জন আটক

দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১পিচ ইয়াবা সহ ২জনকে আটক করেছে পুলিশ।

আজ বুধবার সন্ধা ছয়টার দিকে দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের বিল্লাল হোসেন এর মুদি দোকানের সামনে হতে ইয়াবাসহ ধৃত আসামীদের আটক করা হয়।

আটককৃতরা হলেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের সিমান্তবর্তী হুদাপাড়া গ্রামের মনিরুল ইসলামের ছেলে আজিজুল হক গিরি (২৫) ও রশিদ আলীর ছেলে সোহেল রানা (২২)।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার (ইনচার্জ) সাইফুল ইসলামের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, এএসআই (নি:) মোঃ মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১পিচ ইয়াবা সহ ২জনকে আটক করে।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]